

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০২০.০০৪.০৫.০০.০০১.২০১২- ২২৬

তারিখ : ২৬/৩/১৯


বিষয় : চট্টগ্রামের বরকল এন,জেড, উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কর্তৃক বিদ্যালয়ের খেলার মাঠের মধ্যে বাণিজ্যিক স্থাপনা নির্মাণ প্রসংগে।

সূত্রঃ আশরাফুল হাদী, ব্যরিষ্টার এট ল, এডভোকেট, সুপ্রীম কোর্ট হতে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রামের বরকল এন,জেড, উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব আবুল কালাম চৌধুরী বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৬৯৯/২০১৭ দায়ের করেন। মাননীয় আদালত বর্ণিত রীট পিটিশনে উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির চেয়ারম্যানকে অবকাঠামো নির্মাণের বিষয়ে নিষেধাজ্ঞাসহ উচ্চ বিদ্যালয়টিকে পূর্বের অবস্থায় ফিরিয়ে নেয়ার নির্দেশ দিয়েছেন। মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ নিরাপদ রাখার নির্দেশনা দেয়া আছে। মহামান্য আদালত খেলার মাঠের কাঠামোর কোন পরিবর্তন না করার নির্দেশনা প্রদান করেছেন এবং আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্দেশনা প্রতিপালন করতে বলা হয়েছে।

০২। এমতাবস্থায়, আশরাফুল হাদী, ব্যরিষ্টার এট ল, এডভোকেট, সুপ্রীম কোর্ট হতে প্রাপ্ত প্রাপ্ত LAWYER'S CERTIFICATE এ সাথে প্রেরণপূর্বক উচ্চ আদালতের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০১ (এক) পাতা।


২৬.৩.১৯
(মোঃ ইশান আলী রাজা বাঙালী
উপসচিব
৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

জেলা প্রশাসক
চট্টগ্রাম

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ০২। উপসচিব (উন্নয়ন -১), স্থানীয় সরকার বিভাগ
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);